গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## মৎস্য ও প্রাণীসম্পদ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ২৩/০৯/২০২১ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ভালুকা ও মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব'কে ভালুকা উপজেলার মৎস্য ও প্রাণীসম্পদ এর উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য আহবান করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে জানান যে, ভালুকা উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ের গবাদি পশু পাখির রোগ প্রতিরোধে টিকা প্রদান, চিকিৎসা সেবা ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম চলমান আছে।<br>উপজেলা মৎস্য অফিসার, ভালুকা সভায় জানান যে, মৎস্য খামার পরিদর্শন, চাষীদের পরামর্শ, প্রশিক্ষণ, হ্যাচারি ও খাদ্যের দোকান নিবন্ধন ও নবায়ন করা হচ্ছে। এছাড়াও তিনি আরও জানান যে, বর্তমান সময়ে মাছের ক্ষত রোগ হতে পারে বিধায় ক্ষতরোগ হওয়ার পূর্বে ঔষধ ব্যবহার জন্য তিনি পরামর্শ প্রদান করেন এবং মৎস্য চাষে পোলট্রি লিডার ব্যবহার না করার জন্য অনুরোধ জানান। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার অদ্যকার সভায় অবহিত করেন যে, তাঁর বিভাগের নিয়মিত কার্যক্রমসূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। উপজেলা মৎস্য দপ্তরের পক্ষ থেকে উপজেলার বিভিন্ন ইউনিয়নে আধুনিক প্রযুক্তিতে মাছ চাষের উপর প্রশিক্ষণ, বিভিন্ন স্থানে মৎস্য চাষে পরামর্শ প্রদান, প্রদর্শনী খামার স্থাপন, মাঠ দিবস পালন, মৎস্য আইন নিয়ে সচেতনতা সভা ইত্যাদি কার্যক্রম রয়েছে। | ১. গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>২.মৎস্য চাষ উন্নয়নে আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে মৎস্য চাষ কার্যক্রম জোরদার করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং- উপ.মৎস্য.অ/ভা.ম/উপজেলা কমিটি/২০২১-
তারিখঃ ২৩/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান..........................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ভালুকা, ময়মনসিংহ।